রেজিষ্ট্রি ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৪.২৫জি (বিমা-০৩/২০২৫) ১০১৪-৫/৩

তারিখ: ০৩আষাঢ় ১৪৩৩ / ১৭জুন ২০২৬

## অফিস আদেশ

যেহেতু জনাব দেবাশীষ দেব, উপজেলা সমবায় কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ এর বিরুদ্ধে যথাক্রমে ০৪ (চার) টি অভিযোগ হলো: (১) বিগত ০২.০৬.২০২৫ তারিখ হতে অদ্যাবধি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত আছেন; (২) তাঁর মোবাইল ফোন বন্ধ রয়েছে এবং তাঁর ফেইজবুক পেইজ আইডি যাচাই করে দেখা যায়, তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২ (চ) পলায়ন (desertion) অনুযায়ী ৩ (গ) মোতাবেক পলায়ন (desertion); (৩) তাঁকে জেলা সমবায় কার্যালয়, হবিগঞ্জ হতে ২৪.০৬.২০২৫ তারিখে অনুপস্থিতির কারণে ব্যাখ্যা তলব করা হলেও তিনি জবাব প্রদান করেন নি যা ২ (খ) অসদাচরণ অনুযায়ী ৩ (খ) মোতাবেক অসদাচরণ (৪) ০৪.০৬.২০২৫ তারিখে উপনিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট কর্তৃক সরেজমিনে পরিদর্শনকালে কর্মস্থলে উপস্থিত পাওয়া যায়নি যা উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনগত আদেশ অমান্যের শামিল। বর্ণিত ০৪টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.১৮.৯৪/০৪পি (বিমা ০৩/২০২৫)-১৩২১-এ/ও, তারিখ: ২১.০৯.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণ এবং পলায়ন (desertion) এর অভিযোগে ০৩/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে উহার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানোর নোটিশ জি.ই.পি যোগে তাঁর স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। যেহেতু তিনি জনাব দেবাশীষ দেব, উপজেলা সমবায় কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ, ১ম কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন নি।

০৩। যেহেতু বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্মারক নং ১৫৫৬ (৪)-এ/ও, তারিখ: ১৬.১১.২০২৫ মূলে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; তদন্ত কর্মকর্তা স্মারক নং ২৮, তারিখ: ২৫.০১.২০২৬ মূলে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

০৪। যেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অসদাচরণ ও পলায়ন (desertion) এর অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে।

০৫। যেহেতু তাঁকে সমবায় অধিদপ্তরের স্মারক নং ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৪.২৫ (বিমা ০৩/২৫)-২৮৬(৫)-এ/ও ,তারিখ: ১৮.০২.২০২৬ মূলে ২য় কারণ দর্শানোর নোটিশ জারি পূর্বক ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উহার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য রেজিষ্ট্রি ডাক যোগে পত্র প্রেরণ করা হয়। কিন্তু পত্রে উল্লেখিত প্রাপক বর্তমানে উক্ত ঠিকানায় অবস্থান না করায় পত্রটি ফেরত আসে।

০৬। যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২ (খ) অসদাচরণ অনুযায়ী ৩ (খ) মোতাবেক অসদাচরণ এবং ২ (চ) পলায়ন (desertion) অনুযায়ী ৩ (গ)মোতাবেক পলায়ন (desertion) এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুসরণে তাঁকে সরকারি চাকরি হতে বরখাস্ত দন্ড আরোপ করাই সমীচীন বলে প্রতীয়মান হয়;

সেহেতু জনাব দেবাশীষ দেব, উপজেলা সমবায় কর্মকর্তা, বাহবল, হবিগঞ্জ -কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক অসদাচরণ এবং ৩ (গ) বিধিমতে পলায়ন (desertion) এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধানমতে সরকারি চাকরি হতে বরখাস্ত করা হলো। সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৫১(৩) ধারা তাঁর বিরুদ্ধে প্রযোজ্য হবে। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭ নং বিধিতে বর্ণিত নিয়মাবলী ও পদ্ধতি অনুসরণ পূর্বক এ আদেশ প্রদান করা হলো এবং ০২.০৬.২০২৫ তারিখ থেকে কার্যকর হবে।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৭/৬/২০২৬

(মো: সেলিম ফকির, এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

জনাব দেবাশীষ দেব
উপজেলা সমবায় অফিসার
বাহবল, হবিগঞ্জ।

**স্থায়ী ঠিকানাঃ**
পিতা-দুর্গাদাস দেব
গ্রাম+পোষ্ট: পুর্ববল্লা, থানা: কালাউক
জেলা: হবিগঞ্জ।

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৫৪.২৫জি (বিমা-০৩/২০২৫) ১০১৪/১(১০)-৭/৩ তারিখ: ০৩আষাঢ় ১৪৩৩ / ১৭জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।
৩. জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ।
৪. জেলা হিসাব রক্ষণ অফিসার, হবিগঞ্জ।
৫. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. উপজেলা সমবায় অফিসার, বাহুবল, হবিগঞ্জ।
৭. জনাব দেবাশীষ দেব, উপজেলা সমবায় কর্মকর্তা, বাহুবল, হবিগঞ্জ।
৮. নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সংশ্লিষ্ট নথি।

১৭/০৬/২০২৬

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।